

Zaved Mannan

# Market Testing

Tool Guide 5.4.1



## Tool Guide 5.4.1: Seven Steps to Test Your Market Quickly

### দ্রুত আপনার বাজার যাচাই করার সাতটি ধাপ (উদাহরণসহ)

ধরা যাক, আপনি “গৃহিণীদের জন্য স্বাস্থ্যকর হোমমেড ফ্রোজেন স্ন্যাকস” বিক্রি করতে চান। এবার এই ৭টি ধাপ অনুসরণ করে দেখা যাক কীভাবে আপনি বাজার যাচাই করবেন।

#### ১. সমস্যা সমাধান করুন:

প্রশ্ন: আপনি কাস্টমারের কোন সমস্যাটি সমাধান করতে চাচ্ছেন?

##### → উদাহরণ:

শহরের কর্মব্যস্ত গৃহিণীরা চটজলদি স্বাস্থ্যকর খাবার চান, কিন্তু বাজারে থাকা ফাস্টফুড স্বাস্থ্যহানিকর। আপনি এই সমস্যার সমাধানে ঘরে তৈরি ফ্রোজেন হেলদি স্ন্যাকস দিতে চান।

#### ২. বাজারের আকার নির্ধারণ করুন:

প্রশ্ন: আপনার বাজার কতটা বড়?

##### → উদাহরণ:

শুধু ঢাকায়ই লাখ লাখ কর্মজীবী নারী আছেন। তাদের একটা বড় অংশ নিয়মিত পরিবারের জন্য হেলদি খাবার খোঁজেন। এই বাজারের সাইজ ৫০ কোটি টাকার বেশি হতে পারে।

#### ৩. গভীর কষ্ট দূর করুন:

প্রশ্ন: কাস্টমারের সবচেয়ে বড় ব্যথাটা কী?

##### → উদাহরণ:

তারা এমন খাবার চান যা স্বাস্থ্যকর, সহজে রান্না করা যায়, এবং শিশু ও বড়দের পছন্দ হয়। আপনি পুষ্টিবিদ অনুমোদিত, ৫ মিনিটে তৈরি করা যায়—এমন স্ন্যাকস তৈরি করছেন।

## ৪. ভিন্ন ও উন্নত সমাধান দিন:

প্রশ্ন: আপনার সমাধান অন্যদের থেকে আলাদা কেন?

### → উদাহরণ:

বাজারের সাধারণ স্ন্যাকস প্রিজারভেটিভ দিয়ে তৈরি। কিন্তু আপনার প্রোডাক্টে নেই কোনো কেমিক্যাল, ১০০% হোমমেড, এবং শিশুদের জন্য আলাদা মেনু আছে।

## ৫. ভিন্ন সমাধান তৈরির সহজ ধাপ নির্ধারণ করুন:

প্রশ্ন: কীভাবে দ্রুত এবং কম খরচে প্রোডাক্ট তৈরি করবেন?

### → উদাহরণ:

আপনি ৩টি জনপ্রিয় স্ন্যাকস আইটেম দিয়ে শুরু করবেন—চিকেন কাটলেট, সবজি চপ ও ফিশ নাগেট। একটি ছোট কিচেনে হেল্লার রেখে উৎপাদন করবেন, ফ্রিজে সংরক্ষণ করে অনলাইনে বিক্রি করবেন।

## ৬. ব্যবসার জন্য খসড়া পরিকল্পনা তৈরি করুন:

প্রশ্ন: কীভাবে শুরু করবেন?

### → উদাহরণ:

সপ্তাহে ৫০টি অর্ডার টাগেট

ফেসবুকে গ্রাহীদের জন্য পোস্ট

প্রথম ৫০ জনের জন্য বিশেষ অফার

ডেলিভারির জন্য ফুড ডেলিভারি অ্যাপের সাথে চুক্তি

## ৭. পরীক্ষা করুন ও উন্নয়ন করুন:

প্রশ্ন: কীভাবে কাস্টমার ফিডব্যাক নিয়ে ব্যবসা উন্নয়ন করবেন?

### → উদাহরণ:

প্রথম ২০ জন কাস্টমারকে ফ্রি স্যাম্পল দিন এবং তাদের মতামত নিন—স্বাদ, পরিমাণ, প্রেজেন্টেশন, ডেলিভারি টাইম। তারপর তাদের ফিডব্যাকের ভিত্তিতে রেসিপি ও প্যাকেজিং উন্নয়ন করুন।

### উপসংহার:

এই সাতটি ধাপে আপনি শুধু আইডিয়াটি যাচাই করলেন না, বরং বুঝলেন কোন বাজারে, কীভাবে, কতটা সম্ভাবনা রয়েছে।

একটা ছোট পরীক্ষা থেকেই শুরু হতে পারে বড় একটা সফল ব্যবসার গল্প!

## Join Our Social Media

ডিজিটাল এন্ট্রাপ্রেনারস নেটওয়ার্ক (Digital Entrepreneur Network) নামে আমাদের ফেসবুক গ্রুপে যোগ দিন। এখানে আপনার চিন্তা-ভাবনা, ব্যবসার আইডিয়া এবং প্রোডাক্ট শেয়ার করুন। আমরা আপনাকে এগিয়ে যেতে সাহায্য করতে চাই এবং এই কমিউনিটির অংশ হিসেবে আপনিও আমাদের সাথে এই নেটওয়ার্ককে শক্তিশালী করুন। এই কমিউনিটি আপনার ব্যবসা বাড়ানোর প্রয়োজনীয় সহায়তা, এবং শক্তিশালী নেটওয়ার্ক তৈরি করতে সাহায্য করবে। এটি আপনার ব্যবসার সাফল্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আমাদের ফেসবুক পেজ **Purple Business Academy** লাইক করতে ভুলবেন না। পাশাপাশি ইউটিউব চ্যানেল **Zaved Mannan** সাবস্ক্রাইব করুন।

Join Facebook Group: **Digital Entrepreneur Network:**


<https://www.facebook.com/groups/digitalentrepreneursnetworkdtn>

Facebook Page: **Purple Business Academy:** <https://www.facebook.com/profile.php?id=61557291557064>

Youtube Channel (**Zaved Mannan**): <https://www.youtube.com/@MannanZaved>

Connect **LinedIn:** <https://www.linkedin.com/in/zaved-mannan/>

**Purple Business Academy:** [www.purplebusiness.org](http://www.purplebusiness.org)



# Tool Guide 5.4.1

In "Tool Guide 5.4.1," discover seven essential steps to swiftly validate your market idea, whether you're launching healthy homemade frozen snacks for busy housewives or any other innovative product. Each step, from identifying customer pain points to creating a solid business plan, provides a blueprint for turning a simple idea into a thriving venture. Start your entrepreneurial journey today and learn how a small test can lead to significant success.